

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৬১

পর্ব - ১১ঃ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ মহিলাদের উপর জিহাদ করা ওয়াজিব নয়

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ! عَلَى النِّسَاءِ جِهَادٌ قَالَ: «نَعَمْ. جِهَادٌ لَا قِتَالَ فِيهِ, الْحَجُّ وَالْعُمْرَةُ». رَوَاهُ ابْنُ مَاجَه. وَأَصِلُهُ فِي الْبُخَارِيِّ

صحيح. رواه ابن ماجه (2901)

#### বাংলা

১২৬১। আয়িশা (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন, আমি বললাম হে আল্লাহর রাসূল! মেয়েদের উপর কি জিহাদের দায়িত্ব রয়েছে? তিনি উত্তরে বললেন, হ্যাঁ আছে, তবে তাতে যুদ্ধ নেই। তাদের জিহাদ হচ্ছে- হজ্জ ও উমরাহ পর্ব সম্পাদন করা। এর মূল রয়েছে বুখারীতে।[1]

### **English**

'A'ishah (RAA) narrated, 'I said:

'O Messenger of Allah (ﷺ)! Is Jihad prescribed (also) for women?' Allah's Messenger said, "Yes, a Jihad which is without fighting, it is Hajj and 'Umrah." Related by Ibn Majah.

## ফুটনোট

[1] উক্ত হাদীসটি বিভিন্ন শব্দে বর্ণিত হয়েছে। عن أم المؤمنين عائشة رضي الله عنها قالت: استأذنت النبي আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জিহাদ করার অনুমতি চাইলাম। তিনি (রাসূলুল্লাহ সাঃ) বললেন-



তোমাদের জিহাদ হচ্ছে হাজ্জ। অপর একটি বর্ণনায় রয়েছে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর স্ত্রীগণ জিহাদ সম্পর্কে প্রশ্ন করলেন- তখন তিনি বললেনঃ হাজ্জই হচ্ছে জিহাদ। বুখারী ১৫২০, ১৮৬১, ২৭৮৪, ২৮৭৫, ২৮৭৬, নাসায়ী ২৬২৮, ইবনু মাজাহ ২৯০১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন